

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

বিষয়: এপ্রিল-জুন-২০২২ সময়কালের ৪র্থ প্রাক্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসমাইল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক
তারিখ ও সময় : ২১.০৬.২০২২, সন্ধ্যা ০৪:০০ ঘটিকা।
স্থান : বোর্ডরুম, বিকেবি, প্রধান কার্যালয় ভবন।
উপস্থিতি : পরিশিষ্ট ~~ক~~

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব জামিল হোসেন, সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সভার শুরুতে শুদ্ধাচার ও নৈতিকতার গুরুত্ব তুলে ধরে ৩য় প্রাক্তিকের নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করে সন্তোষ প্রকাশ করা হয়।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাগত বক্তব্যে উল্লেখ করেন, সততা ও দক্ষতার সাথে কাজ করলে একদিকে যেমন মানসিক শান্তিতে থাকা যায় তেমনি প্রতিষ্ঠানেরও ভাবমূর্তি উজ্জ্বল হয়। তাই টিম স্পিরিট নিয়ে সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে কাজ করতে হবে। শুদ্ধাচার আমাদের ভেতরে এমন ভাবে গড়ে তুলতে হবে যেন স্বাভাবিকভাবেই সকল কাজ জনহিতকর ও মানুষের জন্য কল্যাণকর হয়ে ওঠে। ভাল কাজ করা আমাদের অভ্যাসে পরিণত করতে হবে। ৩য় প্রাক্তিকের নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে সন্তোষ প্রকাশ করা হয় এবং ৪র্থ প্রাক্তিকের প্রতিবেদন ও অন্যান্য কাজ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যেই অর্জন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

৩.০। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.০১। এটুআই এর Tier 4 National Data Center (4TDC) সাথে নিবীড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। এবং যোগাযোগের প্রমাণক সংগ্রহে রাখতে হবে। (কার্যকরণ: আইসিটি অপারেশন বিভাগ)।

৩.০২। সকল শাখা এবং কার্যালয় পরিস্কার-পরিচ্ছন্ন করার মাধ্যমে কর্ম-পরিবেশ সৃষ্টি করতে হবে। (কার্যকরণ: সকল শাখা ও কার্যালয়)।

৩.০৩। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩ নং অনুচ্ছেদে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় সাফল্যের গল্প হিসেবে বিকেবি, জামালপুর অঞ্চলের জামালপুর শাখার অর্থায়নকৃত ৩য় লিঙ্গের (হিজড়া) পরিচালনায় ব্যবসা প্রতিষ্ঠানের উপর নির্মিত স্বল্পব্যাপ্তির ভিডিও প্রামাণ্যচিত্র ৪র্থ প্রাক্তিকের সময়কালের মধ্যে ব্যাংকের ওয়েবসাইটে, ইউটিউব চ্যানেলে এবং ফেইসবুক পেজে পোস্ট করতে হবে। (কার্যকরণ: শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ও আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ)।

৩.০৪। শুদ্ধাচার ও নৈতিকতা, তথ্য অধিকার আইন, সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আনুষ্ঠানিক প্রশিক্ষণের পাশাপাশি শাখা ও কার্যালয় পরিদর্শন এবং অভ্যন্তরীণ বিভিন্ন সভায় এগুলো নিয়ে আলোচনা করতে হবে। (কার্যকরণ: স্টাফ কলেজ, সকল শাখা ও কার্যালয়)।

৪.০। সম্মিলিতভাবে শুদ্ধাচার চর্চার মাধ্যমে টীম স্পিরিটকে কাজে লাগিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক-কে একটি আদর্শ সফল প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি